

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮০১

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে কোন ব্যক্তির 'আমীন' বলা ফেরেস্তাদের 'আমীন' বলার সাথে মিলে গেলে তার পূর্ববর্তী সমস্ত গোনাহ করা হয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَ الْمَرْءِ فِي صَلَاتِهِ: آمِينَ يَغْفِرُ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ إِذَا وَافَقَ ذَلِكَ تَأْمِينَ الْمَلَائكَة

আরবী

1801 _ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ النَّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (إِذَا قَالَ الْإِمَامُ {غَيْرِ الْمَعْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِينَ} [الفاتحة: 7] عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (إِذَا قَالَ الْإِمَامُ {غَيْرِ الْمَعْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِينَ} [الفاتحة: 7] فَقُولُوا: آمِينَ فَمَنْ وَافَقَ تَأْمِينُهُ تَأْمِينَ الْمَلَائِكَةِ غُورَ له ما تقدم من ذنبه)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1801 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (865)

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ مَعْنَى قَوْلِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَمَنْ وَافَقَ تَأْمِينَ أَمْ يَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَمَنْ وَافَقَ تَأْمِينَهُ تَأْمِينَ مِنْ غَيْرِ عِلَّةٍ: مِنْ رِيَاءٍ وَسُمْعَةٍ أَوْ إِعْجَابٍ بَلْ تَأْمِينَهَا الْمَلَائِكَةِ) أَنَّ الْمَلَائِكَةِ تَقُولُ: آمِينَ مِنْ غَيْرِ عَلَّةٍ: مِنْ رِيَاءٍ وَسُمْعَةٍ أَوْ إِعْجَابٍ أَوْ رِيَاءٍ يَكُونُ فِيهِ عِلَّةٌ: مِنْ إِعْجَابٍ أَوْ رِيَاءٍ يَكُونُ فِيهِ عِلَّةٌ: مِنْ إِعْجَابٍ أَوْ رِيَاءٍ وَسُمْعَةٍ كَانَ مُوافِقًا تَأْمِينُهُ فِي الْإِخْلَاصِ تَأْمِينَ الْمَلَائِكَةِ غُفْر لَهُ حِينَئِذٍ مَا تَقَدَّمَ مِنْ ذَبِه. ذَبِه.

বাংলা



১৮০১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "ইমাম যখন বলেন, وَلَا الصَّالِينَ (তাদের পথ নয় যারা অভিশপ্ত ও পথভ্রষ্ট), তখন তোমরা 'আমীন' বলবে, কেননা ফেরেস্তাগণ 'আমীন' বলেন, ইমামও 'আমীন' বলেন। কাজেই যার 'আমীন' বলা ফেরেস্তাদের 'আমীন' বলার সাথে মিলে যাবে, তার পূর্বের সমস্ত গোনাহ ক্ষমা করে দেওয়া হবে।" [1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদীস "যার 'আমীন' বলা ফেরেস্তাদের 'আমীন' বলার সাথে মিলে যাবে" এর মর্মার্থ হলো ফেরেস্তাগণ আমীন বলেন, তাঁদের আমীন বলায় আত্নগরিমা, লৌকিকতা প্রদর্শন, খ্যাতি লাভের মতো কোন রকম ক্রটি থাকে না, বরং তাঁদের আমীন বলা সম্পূর্ণরূপে আল্লাহর জন্য খালেস হয়ে থাকে। কাজেই কোন পাঠক যখন আত্নগরিমা, লৌকিকতা প্রদর্শন, খ্যাতি লাভের মতো কোন রকম ক্রটি ছাড়া তাঁদের মতো আমীন বলবে, তার আমীন বলাটা ইখলাসের ক্ষেত্রে তাঁদের মতই হবে, তখন তার পূর্বের সমস্ত গোনাহ ক্ষমা করা হবে।"

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৬৪৪; মুসনাদ আহমাদ: ২/২৭০; সহীহ মুসলিম: ৪১০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৯৮; ইবনু মাজাহ: ৮৫২; সহীহ ইবনু খুযাইমাহ: ৫৭৫; মুয়াত্তা ইমাম মালিক: ১/৮৭; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৭৬; সহীহ আল বুখারী: ৭৮০; আবূ দাউদ: ৯৩৬; তিরমিযী: ২৫০; নাসাঈ: ২/১৪৪; সুনান বাইহাকী: ২/৫৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৮৭; হুমাইদী: ৯২৩; ইবনুল জারুদ, আল মুনতাকা: ১৯০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ : ৮৬৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন